বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়,কৃষি ব্যাংক ভবন
৮৩-৮৫ মতিঝিল বানিজ্যিক এলাকা,
ঢাকা-১০০০।
ই-মেইলঃ dgmbcbd@krishibank.org.bd

মুজিববর্ষের প্রতিশ্রুতি
আর্থিক খাতের অগ্রগতি

শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ

নং-প্রকা/শানিব্যউবি-১(৩৩) /২০১৯-২০২০/১২৭০ তারিখঃ ২৫/০৩/২০২০

০১। সকল বিভাগীয় মহাব্যবস্থাপক
০২। মহাব্যবস্থাপক, স্থানীয় মুখ্য কার্যালয়,ঢাকা।
০৩। উপ-মহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমূহ
০৪। সকল মুখ্য আঞ্চলিক ও আঞ্চলিক ব্যবস্থাপক
০৫। সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক ও আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয়ঃ সীমিত আকারে ব্যাংকিং ব্যবস্থা চালু রাখা প্রসংগে।

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়ের ডিপার্টমেন্ট অব অফ-সাইট সুপারভিশন বিভাগের ২৫ মার্চ, ২০২০ খ্রিঃ তারিখের ডিওএস সার্কুলার লেটার নং-০৭ এর প্রতি অত্র ব্যাংকের সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে (কপি সংযুক্ত)।

০২। উক্ত পত্রের মাধ্যমে বাংলাদেশ ব্যাংকের একই বিভাগ থেকে জারীকৃত সার্কুলার লেটার নং-০৬ এর অনুবৃত্তিক্রমে জানানো হয়েছে যে, বিভিন্ন গ্রাহকের প্রকৃত চাহিদার প্রেক্ষিতে অত্র ব্যাংকের খোলা রাখা বিভিন্ন শাখায় নগদ জমা ও উত্তোলনের পাশাপাশি ডিডি/পে-অর্ডার ইস্যু এবং একই ব্যাংকের একই শাখাস্থিত বিভিন্ন হিসাবের মধ্যে অর্থ স্থানান্তরের কার্যক্রম অব্যাহত রাখার ব্যবস্থা করতে হবে মর্মে অবহিত করা হয়েছে।

০৩। এমতাবস্থায়, বাংলাদেশ ব্যাংকের ডিপার্টমেন্ট অব অফ-সাইট সুপারভিশন বিভাগের ডিওএস সার্কুলার লেটার নং-০৬ এর আলোকে অত্র বিভাগ থেকে জারীকৃত ২৪/০৩/২০২০ তারিখের পত্র নং-প্রকা/শানিব্যউবি-১(৩৩)/২০১৯-২০২০/১২৬৬ এর অনুবৃত্তিক্রমে সার্কুলার লেটার নং-০৭ এ বর্ণিত বিভিন্ন গ্রাহকের প্রকৃত চাহিদার প্রেক্ষিতে অত্র ব্যাংকের খোলা রাখা বিভিন্ন শাখায় নগদ জমা ও উত্তোলনের পাশাপাশি ডিডি/পে-অর্ডার ইস্যু এবং একই ব্যাংকের একই শাখাস্থিত বিভিন্ন হিসাবের মধ্যে অর্থ স্থানান্তরের কার্যক্রম অব্যাহত রাখার ব্যবস্থা গ্রহনের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ ২(দুই) পাতা।

আপনার বিশ্বস্ত,
২৫/০৩/২০২০
(মোহাম্মদ মনিরুল ইসলাম)
উপ-মহাব্যবস্থাপক
তারিখঃ ২৫/০৩/২০২০

নং-প্রকা/শানিব্যউবি-১(৩৩) /২০১৯-২০২০/১২৭০

সদয় জ্ঞাতার্থে অনুলিপিঃ

০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়গণের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৪। সচিব/সকল উপ-মহাব্যবস্থাপক, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগকে উপরোক্ত পত্রটি বিকেবি'র, ওয়েব-সাইটে আপলোড করার ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ করা হলো।
০৫। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৬। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৭। নথি/মহানথি।

২৫/০৩/২০২০
(মুহাম্মাদ তাইবুর রহমান)
সহকারী মহাব্যবস্থাপক

বাংলাদেশ ব্যাংক
(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)
প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ

ডিপার্টমেন্ট অব অফ-সাইট সুপারভিশন

ডিওএস সার্কুলার লেটার নং-০৭

তারিখ ঃ ১১ চৈত্র, ১৪২৬ বঙ্গাব্দ
২৫ মার্চ, ২০২০ খ্রিষ্টাব্দ

প্রধান নির্বাহী
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক।

প্রিয় মহোদয়,

**সীমিত আকারে ব্যাংকিং ব্যবস্থা চালু রাখা প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ে বাংলাদেশ ব্যাংকের ২৪/০৩/২০২০ তারিখের ডিওএস সার্কুলার লেটার নং-০৬ এর প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

উপরোক্ত সার্কুলারের অনুবৃত্তিক্রমে জানানো যাচ্ছে যে, বিভিন্ন গ্রাহকের প্রকৃত চাহিদার প্রেক্ষিতে আপনাদের ব্যাংকের খোলা রাখা বিভিন্ন শাখায় নগদ জমা ও উত্তোলনের পাশাপাশি ডিডি/পে অর্ডার ইস্যু এবং একই ব্যাংকের একই শাখাস্থিত বিভিন্ন হিসাবের মধ্যে অর্থ স্থানান্তরের কার্যক্রম অব্যাহত রাখার ব্যবস্থা করতে হবে।

উপযুক্ত কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ নির্দেশ জারি করা হলো।

আপনাদের বিশ্বস্ত,

(মোহাম্মদ আমিনুর রহমান চৌধুরী)
উপ-মহাব্যবস্থাপক
ফোনঃ ৯৫৩০১১৩

বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়
কৃষি ব্যাংক ভবন
৮৩-৮৫ মতিঝিল বানিজ্যিক এলাকা, ঢাকা-১০০০

মুজিববর্ষের প্রতিশ্রুতি
আর্থিক খাতের অগ্রগতি

শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ

নং-প্রকা/শানিব্যউবি-১(৩৩)/২০১৯-২০২০/১২৬৬ তারিখঃ ২৪-০৩-২০২০ ইং

০১। সকল বিভাগীয় মহাব্যবস্থাপক
০২। মহাব্যবস্থাপক, স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা
০৩। উপ-মহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমূহ
০৪। সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক
০৫। সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক ও আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে), বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয় ঃ <u>সীমিত আকারে ব্যাংকিং ব্যবস্থা চালু রাখা প্রসঙ্গে।</u>

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা এর ডিপার্টমেন্ট অব অফ-সাইট সুপারভিশন এর ১০ চৈত্র, ১৪২৬ বঙ্গাব্দ/ ২৪ মার্চ, ২০২০ খ্রিষ্টাব্দ তারিখে জারীকৃত ডিওএস সার্কুলার লেটার নং-০৬ এ বর্ণিত নির্দেশনা সংশ্লিষ্ট সকলের অবগতি ও যথাযথ অনুসরণ/পরিপালনের জন্য সংযুক্ত করা হলো।

০২। উপরোক্ত পত্র মোতাবেক করোনাভাইরাস সংক্রমণ রোধকল্পে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার আগামী ২৯ মার্চ ২০২০ থেকে ২ এপ্রিল ২০২০ পর্যন্ত সাধারণ ছুটি ঘোষনা করেছে। এমতাবস্থায়, ২৯ মার্চ ২০২০ থেকে ২ এপ্রিল ২০২০ পর্যন্ত সীমিত আকারে ব্যাংকিং কার্যক্রম অব্যাহত রাখার জন্য নিম্নোক্ত নির্দেশনাসমূহ জারী করা হলো ঃ-

০৩। শুধুমাত্র জরুরি বৈদেশিক লেনদেনের জন্য সকল এডি শাখাসহ নগদ জমা ও উত্তোলন এর জন্য এবং অনলাইন সুবিধা সম্বলিত শাখাসমূহের ক্ষেত্রে গ্রাহকদের লেনদেনের সার্বিক সুবিধা নিশ্চিত করণার্থে সকল জেলা সদর ও উপজেলা সদর শাখা খোলা থাকবে (তালিকা সংযুক্ত) এবং অনলাইন সুবিধা বহির্ভুত ব্যাংকের সকল শাখা শুধুমাত্র নগদ জমা ও উত্তোলন এর জন্য খোলা থাকবে ।

০৪। উপরোক্ত সবক্ষেত্রে দৈনিক ব্যাংকিং লেনদেনের সময়সূচি হবে সকাল ১০.০০ ঘটিকা থেকে বেলা ১২.০০ ঘটিকা পর্যন্ত। লেনদেন পরবর্তী আনুষঙ্গিক কার্যক্রম সম্পাদনের জন্য সংশ্লিষ্ট শাখা এবং প্রধান কার্যালয়ের শুধুমাত্র সংশ্লিষ্ট বিভাগ (আইসিটি অপারেশন বিভাগ , আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, এস্টেট এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগ, প্রকিউরমেন্ট, কর্মী কল্যাণ ও পরিবহন বিভাগ, রেমিটেন্স বিভাগ এবং আন্তর্জাতিক বানিজ্য বিভাগ) দুপুর ১.৩০ ঘটিকা পর্যন্ত খোলা থাকবে। এই পত্রে যে সমস্ত শাখা খোলা রাখার নির্দেশনা দেওয়া হয়েছে সে সমস্ত শাখা সমূহকে তদারকির জন্য সংশ্লিষ্ট বিভাগীয় মহাব্যবস্থাপক, মুখ্য আঞ্চলিক/ আঞ্চলিক ব্যবস্থাপকগণকে পরামর্শ দেওয়া হলো।

০৫। ব্যাংকিং কার্যক্রম পরিচালনার জন্য ২২ মার্চ, ২০২০ তারিখের বিআরপিডি সার্কুলার নং-০৫ এর নির্দেশনা অনুসারে সোস্যাল ডিসট্যান্সিং সংক্রান্ত WHO গাইডলাইনস যথাযথ পরিপালন ও রোস্টারিং এর মাধ্যমে সংশ্লিষ্ট অফিস প্রধান প্রয়োজনীয় জনবল নিয়োজিত করে কার্যাবলী সম্পন্ন করতে হবে ।

০৬। এটিএম ও কার্ডের মাধ্যমে লেনদেন চালু রাখার সুবিধার্থে এটিএম বুথগুলোতে পর্যাপ্ত নোট সরবরাহসহ সার্বক্ষণিক চালু রাখার প্রয়োজনীয় ব্যবস্থা নিশ্চিত করতে হবে।

০৭। উল্লেখ্য, সাধারণ সরকারী ছুটিতে ব্যাংক খোলা থাকার ফলে কর্মরত কর্মকর্তা/কর্মচারীগণ বিধি মোতাবেক প্রযোজ্য হারে ভাতা প্রাপ্য হবেন। তবে এক্ষেত্রে যথানিয়মে হাজিরা/উপস্থিতি সংরক্ষণ করতে হবে।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত,
24/03/2020

সংযুক্তি ঃ ১৫(পনের) পাতা।

(মোহাম্মদ মনিরুল ইসলাম)
উপ-মহাব্যবস্থাপক
ফোন ঃ ৯৫৭৪০২৫

নং-প্রকা/শানিব্যউবি-১(৩৩)/২০১৯-২০২০/১২৬৬ তারিখঃ ২৪-০৩-২০২০ ইং

<u>সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো ঃ-</u>

০১। চীফ ষ্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। ষ্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়গণের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। ষ্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৪। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৫। সচিব/সকল উপ-মহাব্যবস্থাপক, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগকে উপরোক্ত পত্রটি বিকেবির ওয়েব-সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
০৬। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৭। নথি/মহানথি।

24/03/2020
(মুহাম্মদ তাইবুর রহমান)
সহকারী মহাব্যবস্থাপক

Tanmay